আজকের কাগজ

তারিখ 03 OCT 1993

# নড়াইলে মাধ্যমিক শিক্ষা ব্যাহত

পর্যাপ্ত শিক্ষা উপকরণের অভাবে নড়াইল জেলার বেসরকারি মাধ্যমিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। জেলায় প্রায় ১শ' বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় রয়েছে এসব শিক্ষা প্রতিষ্ঠানে প্রায় ৩৫ হাজার শিক্ষার্থী শিক্ষা গ্রহণ করে। এসব বিদ্যালয়ের মধ্যে বেশ কিছু বিদ্যালয়ের বয়স শত বর্ষের উপরে হলেও উন্নয়নের কোনো ছোঁয়া লাগেনি। ফলে অনেক ভবন ধসে পড়ছে। বেশ কিছু ভবনের ছাদ নেই। অনেক ভবনের টিন নেই। টিনের ঘর থাকলেও ঘরের চারপাশের বেড়া বা দেওয়াল নেই। ঘরের জানালা-দরজা ভাঙা। ফাঁকা জায়গায় ছাত্রছাত্রিদের ক্লাস করতে হয়। এছাড়া হাজারো সমস্যা রয়েছে বিদ্যালয়গুলোর নানাবিধ কারণে জেলার মাধ্যমিক শিক্ষা কার্যক্রম দারুনভাবে ব্যাহত হচ্ছে। নড়াইল থেকে গোবিন্দ কুন্ডু।